

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩১১

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (کتاب المساجد ومواضع الصلاة)
পরিচ্ছেদঃ ৫/৭. সালাতে কথা বলা নিষিদ্ধ এবং (কথা বলার বৈধতা রহিত হওয়া প্রসঙ্গে।

تحريم الكلام في الصلاة ونسخ ما كان من إباحته

আরবী

حَدِيْثُ عَبْدِ اللهِ بن مسعود رَضِيَ اللهُ عَنْهُ قَالَ كُنَّا نُسَلِّمُ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ فِي الصَّلاَةِ فَيَرُدُّ عَلَيْنَا فَلَمَّا رَجَعْنَا مِنْ عِنْدِ النَّجَاشِيِّ سَلَّمْنَا عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْنَا وَقَالَ إِنَّ فِي الصَّلاَةِ شُغْلًا

বাংলা

৩১১. 'আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর সালাতরত অবস্থায় সালাম করতাম; তিনি আমাদের সালামের জওয়াব দিতেন। পরে যখন আমরা নাজাশীর নিকট হতে ফিরে এলাম, তখন তাঁকে (সালাত আদায়রত অবস্থায়) সালাম করলে তিনি আমাদের সালামের জবাব দিলেন না এবং পরে ইরশাদ করলেনঃ সালাতে অনেক ব্যস্ততা ও নিমগ্নতা রয়েছে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২১: সালাতের সাথে সংশ্লিষ্ট কাজ, অধ্যায় ২, হাঃ ১১৯৯; মুসলিম, পর্ব ৫; মসজিদ ও সবাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৭, হাঃ ৫৩৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন